দৈনিক ইত্তেফাক

2002

তারিখ ......

পৃষ্ঠা ...... কলাম ......



ঈদের ছুটির পর গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয় খুললে ছাত্র-ছাত্রীদের পদভারে ক্যাম্পাস মুখরিত হয়ে উঠে। গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে বিপুলসংখ্যক পুলিশ মোতায়েন করা হয়

—রশীদ তালুকদার

# ঢাকা ভার্সিটির ক্লাস শুরু

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ ভাষা দিবস এবং ঈদ-উল-আজহার ১০ দিন ছুটির পর গতকাল শনিবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের সকল বিভাগের ক্লাস শুরু হলে প্রথম দিনেই অসংখ্য ছাত্র-ছাত্রীর পদভারে ক্যাম্পাস মুখরিত হয়ে উঠে। ছাত্র-ছাত্রী-শিক্ষকদের একে অপরের সাথে কুশল বিনিময় করতে দেখা যায়। হলে ছাত্র-ছাত্রীরা ফিরতে শুরু করছে। এদিকে গতকাল ক্যাম্পাসে বিপুল সংখ্যক দাঙ্গা পুলিশ মোতায়েন করা হয়।

### পরীক্ষা স্থগিত

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ব্যবসায় প্রশাসন ইনস্টিটিউট (আইবিএ) ২০০১-২০০২ শিক্ষাবর্ষে এমবিএ কোর্সে ভর্তি পরীক্ষার সাক্ষাৎকার আজকের রবিবারের পরিবর্তে ৫ই মার্চ পূর্ব ঘোষিত সময়সূচী অনুযায়ী অনুষ্ঠিত হবে।